

জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এই জাতটি উদ্ভাবন করে। বিভিন্ন পরীক্ষা নিরীক্ষায় জাতটি বোরো ও আউশ মৌসুমে চাষাবাদের জন্য নির্বাচন করা হয়। এ জাতটি ২০১১ সালে জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে। বোরো মৌসুমের চাষাবাদ পদ্ধতি নিম্নে দেয়া হল।

জাতের বৈশিষ্ট্য

- ▶ এটি আগাম জাত।
- ▶ অধিক ফলনশীল।
- ▶ গাছের উচ্চতা ১০০ সেন্টিমিটার।
- ▶ চাল লম্বা, মাঝারি চিকন।
- ▶ এক হাজার ধানের ওজন ২৩.৫ গ্রাম।
- ▶ চালে প্রোটিনের পরিমাণ ৮.৩%।
- ▶ চালে এম্যাইলোজের পরিমাণ ২২%।



ব্রি ধান৫৫

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

ব্রি ধান৫৫ মাঝারি লবণ (৮-১০ ডিএস/মিটার ৩ সপ্তাহ পর্যন্ত) সহনশীল এবং মাঝারী ঠান্ডা ও খরা সহিষ্ণু জাত। অতএব, এ জাতটি ঠান্ডা প্রবণ এলাকায় বোরো মৌসুমে চাষাবাদ করা সম্ভব। জাতটি আগাম হলেও অধিক ফলনশীল।

জীবনকাল

এ জাতটির জীবনকাল ১৪৫ দিন।

ফলন

এ জাতের গড় ফলন হেক্টর প্রতি ৭.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপনঃ ১-১৫ অগ্রহায়ণ (১৫ নভেম্বর-৩০ নভেম্বর)।
২. চারার বয়সঃ ৩৫-৪০ দিনের চারা।
৩. চারার সংখ্যাঃ প্রতি গুচ্ছিতে ২/৩ টি
৪. রোপণ দূরত্বঃ ২০×১৫ সেন্টিমিটার।

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম জিঙ্ক
৩০-৪০ ৭-১০ ৮-১৬ ৪-১১ ০.৭-১.০

৫.১ ইউরিয়া সার দুইবার উপরি প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ রোপণের ১৫-২০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ রোপণের ৩০-৩৫ দিন পর।

ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

৫.২ ইউরিয়া সার প্রয়োগে লিফ কালার চার্ট (এলসিসি) ব্যবহার করতে হবে।

৬. আগাছা দমনঃ রোপণের পর ৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. সেচ ব্যবস্থাপনাঃ খোর অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রস বা পানির ব্যবস্থা রাখতে হবে।

৮. রোগ বালাই দমনঃ রোগ ও পোকাকার জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করা আবশ্যিক।

৯. ফসল পাকা ও কাটাঃ ২০ চৈত্র-০৫ বৈশাখ (১০-২৫ এপ্রিল) ধান কাটার উপযুক্ত সময়।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@bri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাক্ট শীট ১৪